দৈনিক জনকণ্ঠ

তারিখ 16 OCT 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৮

# এনএসইউ ও হামবোল্ট ভার্সিটির চুক্তি স্বাক্ষর

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় (এনএসইউ), বাংলাদেশ এবং জার্মানির বিখ্যাত হামবোল্ট বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একাডেমিক এবং বৈজ্ঞানিক কো-অপারেশন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে একাডেমিক ও গবেষণা কর্মের নতুন উদ্যোগ নিয়েছে। সহযোগিতা চুক্তির শর্তাবলী অর্জন করতে নেতৃত্ব দেবে এনএসইউর স্কুল অব হেলথ এ্যান্ড লাইফ সায়েন্সস এবং হামবোল্ট বিশ্ববিদ্যালয়ের আলব্রেকট-দানিয়েল-থের ইনস্টিটিউট এডিটিআই অব এগ্রিকালচার ও হরটিকালচার। সম্প্রতি নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে স্ব স্ব পক্ষে চুক্তি স্বাক্ষর করেন ড. ফ্রাঙ্ক (হামবোল্ট বিশ্ববিদ্যালয়)এবং অধ্যাপক আতিকুল ইসলাম, এনএসইউ উপাচার্য। এ সময় উপস্থিত ছিলেন এনএসইউ এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের প্রধান অধ্যাপক মোঃ জাকারিয়া এবং ফার্মেসি বিভাগের প্রধান অধ্যাপক হাসান মাহমুদ রেজা। -বিজ্ঞপ্তি